

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৩৮

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা যুমার

بَابُّ: وَمِنْ سُورَةِ الزُّمَر

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد، حَدَّثَنَا سُفْيَانُ، حَدَّثَنِي مَنْصُور، وَسُلَيْمَانُ الأَعْمَشُ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَبِيدَةَ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ جَاءَ يَهُودِيُّ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ يَا مُحَمَّدُ إِنَّ اللَّهَ يُمْسِكُ السَّمَوَاتِ عَلَى إِصْبَعٍ وَالأَرضِينَ عَلَى إِصْبَعٍ وَالْخَلائِقَ عَلَى إِصْبَعٍ ثُمَّ يَقُولُ أَنَا الْمَلِكُ . قَالَ فَضَحِكَ عَلَى إِصْبَعٍ وَالْخَلائِقَ عَلَى إِصْبَعٍ ثُمَّ يَقُولُ أَنَا الْمَلِكُ . قَالَ فَضَحِكَ النَّبِيُّ صلى الله عليه وسلم حَتَّى بَدَتْ نَوَاجِذُهُ قَالَ : (ومَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ) . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

## বাংলা

৩২৩৮. মুহাম্মাদ ইবন বাশশার (রহঃ) ...... আবদুল্লাহ্ রাদিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত। একবার জনৈক ইয়াহূদী নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললঃ হে মুহাম্মাদ! আল্লাহ্ তা'আলা তো এক অঙ্গুলীতে সব আসমান, এক অঙ্গুলীতে সব পাহাড়, এক অঙ্গুলীতে সব যমীন এবং এক অঙ্গুলীতে সব সৃষ্টি ধারণ করে বলছেন, আমিই অধিপতি। আবদুল্লাহ্ রাদিয়াল্লাহ্ আনহু বলেনঃ নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তা শুনে হাসলেন এমন কি তাঁর পার্শ্ব দাঁতগুলো পর্যন্ত প্রকাশিত হয়ে গেল। পরে তিনি বললেনঃ (ومَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ) এরা আল্লাহর যথোচিত মর্যাদা প্রদর্শন করে না (যুমার ৩৯৫ ৫৭)।

সহীহ, আয-যিলাল ৫৪১,৫৪৪, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৩৮ [আল মাদানী প্রকাশনী]
(আবু ঈসা বলেন)হাদীসটি হাসান-সহীহ।

## **English**

Narrated 'Abdullah:

"A Jew came to the Prophet (ﷺ) and said: 'O Muhammad! Allah will seize the



heavens upon a finger, the mountains upon a finger, the earths upon a finger, and the rest of creation upon a finger. Then He says: 'I am the King.'" He said: 'So the Messenger of Allah (ﷺ) laughed until his molars were visible. He said: "They made not a just estimate of Allah such as is due to Him (39:67)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন